অবিলম্বে প্রকাশের জন্য: 11/25/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটজুড়ে গৃহহীনদের আবাসন তৈরির জন্য 125 মিলিয়ন ডলার বরাদ্দের ঘোষণা দিলেন

ফেডারেলের সহায়তামূলক আবাসন তহবিল কমে যাওয়ার প্রেক্ষাপটে নিউ ইয়র্ক এগিয়ে এসে জাতীয় বাজেট কাটছাঁটের মধ্যেও অভাবী নিউ ইয়র্কবাসীদের সুরক্ষা দিচ্ছে

স্টেটের এই অর্থায়নের মাধ্যমে ক্যাপিটাল ডিস্ট্রিক্ট, সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, লং আইল্যান্ড, মোহক ভ্যালি, নিউ ইয়র্ক সিটি, সাউদার্ন টিয়ার এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কে স্থায়ী সহায়তামূলক, অস্থায়ী ও জরুরি আবাসনের জন্য 645টি ইউনিট নির্মাণ করা হবে

প্রকল্পগুলোর মধ্যে এমন আবাসনের জন্য অর্থায়ন অন্তর্ভুক্ত রয়েছে যেখানে সাইটে সহায়তামূলক সেবা থাকবে যা গৃহহীন সাবেক ভেটেরান্স, বয়স্ক ব্যক্তি, পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তি এবং গুরুতর মানসিক রোগ ও/অথবা মাদকাসক্তিতে ভোগা ব্যক্তি ও তাদের পরিবারকে সহায়তা করবে

আজ গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) ঘোষণা করেছেন যে 13টি প্রকল্পে 125 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অর্থ বরাদ্দ দেওয়া হয়েছে যার মাধ্যমে ক্যাপিটাল ডিস্ট্রিক্ট, সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, লং আইল্যান্ড, মোহক ভ্যালি, নিউ ইয়র্ক সিটি, সাউদার্ন টিয়ার এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলে গৃহহীনতায় ভোগা ব্যক্তি ও পরিবারদের জন্য 645টি আবাসিক ইউনিট এবং প্রায় 1,000টি স্থায়ী সহায়ক, অস্থায়ী ও জরুরি আবাসন বেড নির্মাণ করা হবে।

"সাশ্রয়ী আবাসন এবং সেবার সমন্বয়ে নতুন সহায়ক আবাসন নির্মাণ করা আমাদের স্টেটে আবাসন ও গৃহহীনতার সংকট মোকাবিলায় আমাদের কাজের একটি মৌলিক অংশ," **গভর্নর Hochul (হোকল) বলেন**। "এই বিনিয়োগটি আমাদের স্টেটজুড়ে গৃহহীনতায় ভোগা পরিবার ও ব্যক্তিদের স্থায়ীভাবে বাসস্থানের ব্যবস্থা নিশ্চিত করতে সাহায্য করার পাশাপাশি শক্তিশালী পাড়া-মহল্লা এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি উজ্জ্বল ভবিষ্যৎ গঠনে সহায়তা করবে।"

এই অনুদানগুলো — অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্ট্যান্স (Office of Temporary and Disability Assistance, OTDA)-এর হোমলেস হাউজিং অ্যান্ড অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (Homeless Housing and Assistance Program, HHAP)-এর মাধ্যমে প্রতিযোগিতামূলক প্রক্রিয়া মেনে প্রদান করা হয়েছে — যেটি গভর্নর Hochul (হোকল)-এর 25 বিলিয়ন মার্কিন ডলারের ব্যাপক আকারের আবাসন পরিকল্পনার (Housing Plan) একটি গুরুত্বপূর্ণ অংশ যা নিউ ইয়র্ক স্টেটজুড়ে 100,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি নির্মাণ বা সংরক্ষণে সহায়তা করবে, যার মধ্যে 10,000টি ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য সহায়ক পরিষেবা থাকবে। অনুদানপ্রাপ্ত 13টি প্রকল্প গৃহহীনতায় ভোগা ব্যক্তি ও পরিবারগুলোর জন্য অন-সাইট সহায়তা পরিষেবাসহ বাসস্থানের ব্যবস্থা করবে, যার মধ্যে রয়েছেন ভেটেরান্স, দুর্বল বয়স্ক ব্যক্তি, পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তি এবং গুরুতর মানসিক অসুস্থতা বা মাদকাসক্তিতে ভোগা ব্যক্তিবর্গ।

এই অনুদানগুলোর মাধ্যমে, HHAP স্টেটের 2026 অর্থ বছরের বাজেটে প্রাপ্ত 125 মিলিয়ন মার্কিন ডলারের সম্পূর্ণ অর্থ নতুন স্থায়ী সহায়ক আবাসন নির্মাণের জন্য বরাদ্দ করেছে। অতিরিক্ত 25 মিলিয়ন মার্কিন ডলারের জন্য HHAP এখনো আবেদন গ্রহণ করছে যা গভর্নর Hochul (হোকল) স্টেটের 2026 অর্থ বছরের বাজেটে বিদ্যমান সহায়ক আবাসন ইউনিট সংরক্ষণ ও স্থিতিশীল করার জন্য নিশ্চিত করেছেন, পাশাপাশি জরুরি আশ্রয়কেন্দ্র মেরামতের জন্য 1 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ রয়েছে।

অনুদানপ্রাপ্ত প্রকল্পসমূহের মধ্যে রয়েছে:

ক্যাপিটাল ডিসট্রিক্ট

- **DePaul Properties, Inc.** - স্কেনেকট্যাডিতে 34টি ইউনিট/72টি শয্যার স্থায়ী সহায়ক আবাসন নির্মাণে 9.5 মিলিয়ন মার্কিন ডলার যেখানে গৃহহীনতায় ভোগা ব্যক্তি ও পরিবার, পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তি, 55 বছর বা তদোর্ধ্ব বয়সী ব্যক্তি, মানসিক রোগে আক্রান্ত ব্যক্তি ও তরুণদের আবাসন সুবিধা দেওয়া হবে। এটি বৃহত্তর স্কেনেকট্যাডি কমিউনিটি অ্যাকশন প্রোগ্রাম (Schenectady Community Action Program, SCAP) ক্যাম্পাস অ্যাপার্টমেন্টস প্রকল্পের অংশ, যেখানে নতুন চারতলা ভবনে 26টি সাশ্রয়ী আবাসিক ইউনিট এবং একটি নতুন দুইতলা ভবনে ডে-কেয়ার ও কমিউনিটি সহায়তামূলক পরিষেবা কেন্দ্র অন্তর্ভুক্ত থাকবে।

সেন্ট্রাল নিউ ইয়র্ক

- **The Rescue Mission** - গৃহহীনতায় ভোগা ব্যক্তিদের জন্য আটটি স্থায়ী সহায়ক আবাসন ইউনিট এবং নতুন, 80-ইউনিটের নতুন জরুরি আশ্রয়স্থল নির্মাণের জন্য কায়ুগা কাউন্টির অবর্নে 15 মিলিয়ন মার্কিন ডলারের বরাদ্দ। অবর্ন রেসকিউ মিশন ইমার্জেন্সি শেল্টার অ্যান্ড পার্মানেন্ট সাপোর্টিভ অ্যাপার্টমেন্টস (Auburn Rescue Mission Emergency Shelter and Permanent Supportive Apartments) নামে পরিচিত প্রকল্পটি একটি নতুন তিনতলা, সম্পূর্ণ বৈদ্যুতিক ভবন নির্মাণ কার্যক্রমকে অন্তর্ভুক্ত করে, যেখানে স্থায়ী এবং জরুরি বসবাসকারীদের জন্য পৃথক প্রবেশদ্বার ও স্থান, সেইসাথে সহায়ক পরিষেবা কক্ষ, লন্ড্রি এবং একটি সাধারণ কক্ষ থাকবে। এই নতুন

আশ্রয়স্থলটি বর্তমানে থাকা একটি আশ্রয়স্থলের জায়গায় প্রতিস্থাপিত হবে এবং তার পরিসর বাড়াবে।

ফিঙ্গার লেকস

- **Finger Lakes Area Counseling & Recovery Agency (FLACRA)** - ওয়াটারলু, সেনেকা কাউন্টিতে মাদকাসক্তিতে আক্রান্ত ব্যক্তি ও পরিবারের সদস্যদের জন্য স্থায়ী সহায়ক আবাসন হিসেবে পাঁচটি ইউনিট ও নয়টি শয্যা নির্মাণে 2.5 মিলিয়ন মার্কিন ডলারের বরাদ্দ। এই প্রকল্পটি, FLACRA সাপোর্টিভ হাউজিং ওয়াটারলু (FLACRA Supportive Housing Waterloo), দুইটি স্থানে তিনটি নতুন ভবন নির্মাণ করবে, যার মধ্যে একটি তিন-শয্যার একক পরিবারের বাড়ি এবং দুইটি টাউনহোম স্টাইল ভবন থাকবে, যেখানে প্রতিটিতে দুইটি করে এক-শয্যার অ্যাপার্টমেন্ট থাকবে।

লং আইল্যান্ড

- **Concern Housing** - ব্রেন্টউড, সাফোক কাউন্টিতে মানসিক রোগে আক্রান্ত ব্যক্তিদের জন্য 88 ইউনিটের স্থায়ী সহায়ক আবাসন ইউনিট নির্মাণে 14.9 মিলিয়ন মার্কিন ডলারের বরাদ্দ। এটি বৃহত্তর প্রকল্প, Joseph’s Village-এর একটি অংশ, যাতে সিস্টার্স অব সেন্ট জোসেফ ক্যাম্পাসে অবস্থিত তিনটি ভবনের সংস্কার অন্তর্ভুক্ত আছে এবং সেখানে অতিরিক্ত 88টি সাশ্রয়ী মূল্যের ইউনিট যুক্ত হবে। ভবনগুলো সম্পূর্ণরূপে বিদ্যুৎচালিত হবে এবং নিউ ইয়র্ক স্টেটের ক্লাইমেট লিডারশীপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্ট মেনে নির্মিত হবে (New York State Climate Leadership and Community Protection Act)।

মোহক ভ্যালি

- **People First** - ইউটিকা, ওয়ানেইডা কাউন্টিতে 55 বছরের ঊর্ধ্ব বয়সী ব্যক্তি এবং তরুণ প্রাপ্তবয়স্কদের জন্য 19টি স্থায়ী সহায়ক আবাসন ইউনিট নির্মাণের জন্য 5.1 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান দেওয়া হয়েছে যা একটি বড় প্রকল্পের অংশ যেখানে অতিরিক্ত 83টি সাশ্রয়ী মূল্যের আবাসন ইউনিট রয়েছে। THRIVE Cornhill প্রকল্পে দুইটি নতুন, চারতলা-বিশিষ্ট, সম্পূর্ণ বৈদ্যুতিক ভবন নির্মাণ কার্যক্রম অন্তর্ভুক্ত থাকবে। প্রথম ভবনে 57টি একক-বেডরুম এবং 21টি দুই-বেডরুম বিশিষ্ট ইউনিট থাকবে এবং সুবিধাসমূহ হিসেবে একটি কমিউনিটি রুম, কম্পিউটার ল্যাব, লন্ড্রি রুম এবং ফিটনেস সেন্টার অন্তর্ভুক্ত থাকবে। দ্বিতীয় ভবনে নিচতলায় বাণিজ্যিক স্থান থাকবে এবং উপরের তলাগুলোতে 24টি অ্যাপার্টমেন্ট ও 6,500 বর্গফুটের সর্বসাধারণের ব্যবহারযোগ্য স্থান থাকবে।

নিউ ইয়র্ক সিটি

- **New Destiny Housing Corporation** - ব্রুকলিনে 97টি ইউনিট/278টি শয্যার স্থায়ী সহায়ক আবাসন নির্মাণের জন্য 12 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান দেওয়া হয়েছে, যার মধ্যে পূর্বে গৃহহীন ব্যক্তিদের জন্য 34টি একক-বেডরুম ইউনিট এবং পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তিদের জন্য 63টি ইউনিট/244টি শয্যা থাকবে। আটলান্টিক

অ্যাভিনিউ ওয়েস্ট (Atlantic Avenue West) প্রকল্পে নতুনভাবে একটি 14-তলা সম্পূর্ণ বৈদ্যুতিক ভবন নির্মাণ করা হবে, যেখানে মোট 162টি ইউনিট/452টি শয্যা থাকবে। এছাড়াও, ভবনটিতে প্রোগ্রাম অফিস, নিরাপত্তা ডেস্ক, লন্ড্রি রুম, লাইব্রেরি, খেলার ঘর, ফিটনেস রুম এবং অন্যান্য সুবিধা থাকবে।

- **CAMBA Housing Ventures, Inc.** - ব্রুকলিনে 55 বছরের ঊর্ধ্বের ব্যক্তি বা গৃহহীনতায় ভোগা এমন বয়স্ক ব্যক্তি থাকা পরিবারগুলোর জন্য 73টি ইউনিট/101টি শয্যার স্থায়ী সহায়ক আবাসন নির্মাণে 12.5 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়া হয়েছে। কিংসবরো সিনিয়র্স (Kingsborough Seniors) প্রকল্পটিতে মোট 171টি ইউনিট/233টি শয্যা থাকবে এবং এতে একটি নতুন 15-তলা ভবন নির্মাণ কার্যক্রম অন্তর্ভুক্ত, যেখানে থাকবে কম্পিউটার রুম, সাইকেল পার্কিং, ফিটনেস সেন্টার, একাধিক আউটডোর টেরেস, ভবনজুড়ে পাবলিক আর্ট, ছাদ বাগান, হাঁটার লুপ, অ্যাক্টিভিটি টেরেস এবং দাদা-নানাদের জন্য বিশেষ কক্ষ যেখানে তারা প্রজন্মান্তরের মিলনমেলার আয়োজন করতে পারবেন।
- **WellLife Network, Inc.** - ব্রুকলিনে দীর্ঘমেয়াদী গৃহহীনতা বা মানসিক অসুস্থতায় ভোগা ব্যক্তি ও পরিবারদের জন্য ৪৪টি ইউনিটের স্থায়ী সহায়ক আবাসন নির্মাণে 15 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়া হয়েছে। অসবর্ন স্ট্রিট অ্যাপার্টমেন্টস প্রকল্পে একটি নতুন নির্মিত, নয়-তলা, সম্পূর্ণ বৈদ্যুতিক ভবনে মোট 146টি ইউনিট/249টি শয্যার সাশ্রয়ী আবাসন থাকবে, যেখানে থাকবে প্রোগ্রাম অফিস, বিনোদন কক্ষ, ব্যায়াম কক্ষ, শিশুদের খেলার জায়গা এবং লন্ড্রি রুম।
- **West Side Federation for Senior and Supportive Housing, Inc.** - ম্যানহাটনের আপার ওয়েস্ট সাইডে 55 বছর ও তদুর্ধ্ব বয়সী দীর্ঘমেয়াদে গৃহহীনতায় ভোগা ব্যক্তিদের জন্য ৪০টি স্থায়ী সহায়ক ইউনিট নির্মাণে 5.9 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়া হয়েছে। 105 W 108th Street ঠিকানায় নির্মিত নতুন 12-তলা প্যাসিভ হাউজিং ভবনে থাকবে মোট 84টি সাশ্রয়ী ইউনিট, একটি কমিউনিটি রুম, সহায়তা পরিষেবামূলক অফিস এবং পেছনে একটি আঙিনা।

সাউদার্ন টিয়ার

- **Greater Opportunities for Broome and Chenango, Inc.** - বিংহ্যামটনে দুইটি আবাসিক ভবনের বৃহৎ সংস্কার ও নতুন নির্মাণের জন্য 8.3 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়া হয়েছে যা 14টি বিদ্যমান ইউনিট সংরক্ষণ করবে এবং স্থায়ী সহায়ক আবাসনের জন্য 7টি নতুন ইউনিট যুক্ত করার পাশাপাশি দুইটি তিন-তলা ভবনে মোট মোট ৬৯টি শয্যা থাকবে। গ্রিসওল্ড স্ট্রিট অ্যাপার্টমেন্টস (Griswold Street Apartments) প্রাকৃতিক গ্যাস থেকে সম্পূর্ণ বৈদ্যুতিক ভবন ব্যবস্থায় রূপান্তরিত হবে যা গরম এবং কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ সুবিধা প্রদান করবে।

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

- **Eagle Star Housing, Inc.** - ইরি কাউন্টির চেকটোয়াগাতে একটি এক-তলা ভবন নির্মাণের জন্য 6.5 মিলিয়ন বরাদ্দ দেওয়া হয়েছে, যেখানে গৃহহীন ভেটেরান্সদের জন্য 20টি ইউনিট/শয্যার অস্থায়ী আবাসন থাকবে। চেকটোয়াগা ভেটেরান্স' হোম (Cheektowaga Veterans' Home) নতুন ভবনটি 16টি বিদ্যমান শয্যা সংরক্ষণ করবে

এবং আরো চারটি নতুন শয্যা যোগ করবে। এটি একটি বাড়ির মতো দেখতে এবং কার্যক্ষমভাবে ডিজাইন করা হয়েছে, যেখানে বসবাস, খাওয়া ও রান্নার জন্য কেন্দ্রীয় সমবেত হওয়ার স্থান থাকবে।

- **DePaul Properties, Inc.** - নায়াগ্রা কাউন্টির হোয়েটফিল্ডে 60টি ইউনিট/103টি শয্যার স্থায়ী সহায়ক আবাসন নির্মাণের জন্য 15 মিলিয়ন মার্কিন ডলারের বরাদ্দ দেওয়া হয়েছে, যেখানে পরিবার, বয়স্ক ব্যক্তি এবং মানসিকভাবে অসুস্থতা বা গৃহহীনতায় ভোগা ভেটেরান্স ব্যক্তিবর্গ থাকবেন। নতুন নির্মিত তিন-তলা ভবন গ্রানারি অ্যাপার্টমেন্টসে মানসিক অসুস্থতায় ভোগা ব্যক্তিদের জন্য অতিরিক্ত 20টি সাশ্রয়ী ইউনিট অন্তর্ভুক্ত থাকবে। এই ভবনটি সম্পূর্ণ বৈদ্যুতিক হবে এবং সৌরশক্তি ব্যবহারের জন্য প্রস্তুত থাকবে।
- **Citizen's Opportunity for Development and Equality, (CODE) Inc.** - জেমসটাউনে মানসিক অসুস্থতায় ভোগা বা দীর্ঘমেয়াদি গৃহহীন ব্যক্তিদের জন্য 12টি ইউনিটের স্থায়ী সহায়ক আবাসন নির্মাণের জন্য 3.2 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়া হয়েছে। ব্লুমিং গার্ডেন্স (Blooming Gardens) প্রকল্পটিতে 12টি সাইটজুড়ে 18টি ভবনের নতুন নির্মাণ ও ব্যাপক সংস্কার কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে, যেখানে মোট 48টি ইউনিট এবং 140টি শয্যা থাকবে। ফসিল ফুয়েল ব্যবহারের পরিবর্তে সম্পূর্ণ বৈদ্যুতিক সিস্টেম ব্যবহার করা হবে যাতে গরম, ঠাণ্ডা এবং সাধারণ বসবাসের প্রয়োজন মেটানো যায়।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্ট্যান্সের কমিশনার বারবারা সি. গুইন (Barbara C. Guinn) বলেন, "গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট স্থায়ী সহায়ক আবাসন কার্যক্রমের বিকল্প সম্প্রসারণের জন্য গুরুত্বপূর্ণ বিনিয়োগ করেছে যা স্বীকার করছে যে স্থিতিশীল বাসস্থানই সুস্থ জীবন এবং শক্তিশালী কমিউনিটির মূল ভিত্তি। এই প্রকল্পসমূহ সম্পন্ন হলে সেগুলো নিউ ইয়র্ক স্টেটের বিভিন্ন স্থানে অত্যন্ত প্রয়োজনীয় স্থায়ী সহায়ক, অস্থায়ী এবং জরুরি বাসস্থান নির্মাণ করবে যা গৃহহীনতায় ভোগা শত শত অসহায় নিউ ইয়র্কবাসীকে নিরাপদ বাসস্থান এবং কাঙ্খিত সেবা প্রদান করবে, যাতে তারা স্থিতিশীল জীবন যাপন করতে, স্বাধীনভাবে থাকতে এবং উন্নতি করতে পারে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) কমিশনার RuthAnne Visnauskas (রুথ অ্যান ভিসনাউকাস) বলেন, "নিউ ইয়র্ক জুড়ে গৃহহীনতা আবাসন খাতে এই বিনিয়োগগুলো আমাদের সবচেয়ে অসহায় বাসিন্দাদের নিরাপদ এবং স্থিতিশীল বাসস্থান দেওয়ার গুরুত্বপূর্ণ পদক্ষেপ। 645টি স্থায়ী সহায়ক এবং জরুরি আবাসন ইউনিট নির্মাণ করে, আমরা গৃহহীনতায় ভোগা ব্যক্তি ও পরিবারের তাৎক্ষণিক চাহিদা পূরণ করছি। এই 125 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের মাধ্যমে ভেটেরান্স, গৃহহীনতা বা পারিবারিক সহিংসতার শিকার, প্রবীণ, এবং মানসিক স্বাস্থ্য বা মাদক-সংশ্লিষ্ট চ্যালেঞ্জের সম্মুখীন ব্যক্তিদের জন্য উপযুক্ত সহায়তা প্রদান করতে সাহায্য করা হচ্ছে। গভর্নর Hochul (হোকল)-এর এই প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ যা আরো শক্তিশালী ও অন্তর্ভুক্তিমূলক নিউ ইয়র্ক গড়তে সহায়ক।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব মেন্টাল হেলথের (New York State Office of Mental Health) কমিশনার Dr. Ann Sullivan (ডা. অ্যান সুলিভান) বলেন, "মানসিক স্বাস্থ্য বা অন্যান্য চ্যালেঞ্জের সম্মুখীন ব্যক্তিদের জন্য তাদের পুনরুদ্ধারের যাত্রায় স্থায়ী বাসস্থানের ব্যবস্থা করাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। গভর্নর Hochul (হোকল)-এর মানসিক স্বাস্থ্যগত উদ্যোগ এবং সহায়ক আবাসন খাতে চলমান বিনিয়োগের কারণে আরো বেশি ভেটেরান্স, বয়স্ক ব্যক্তি, পারিবারিক সহিংসতার শিকার এবং মানসিক স্বাস্থ্য ও/অথবা মাদকাসক্তিজনিত চ্যালেঞ্জের মুখোমুখি ব্যক্তি এবং তাদের পরিবারবর্গ তাদের কমিউনিটিতে বসবাস ও উন্নতি করতে পারছে। এই আবাসন পরিকল্পনা নিউ ইয়র্ক স্টেটের মানুষ ও পরিবারের জন্য একটি শক্ত ভিত্তি নিশ্চিত করবে যাতে তারা সমৃদ্ধি অর্জন করতে পারে।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির (New York State Energy Research and Development Authority) প্রেসিডেন্ট ও সিইও Doreen M. Harris (ডোরিন এম. হ্যারিস) বলেন, "স্টেট ব্যাপী এই অনুদানগুলো সবচেয়ে অভাবী জনগোষ্ঠীর জন্য আবাসন সম্প্রসারণে গুরুত্বপূর্ণ তহবিল সরবরাহ করছে। এই ধরনের প্রকল্পে বিনিয়োগের মাধ্যমে আমরা সকল নিউ ইয়র্কবাসীর জন্য স্বাস্থ্যকর, আরামদায়ক এবং বিদ্যুত সাশ্রয়ী বাসস্থানে বসবাসের সুযোগ বাড়াচ্ছি এবং নিশ্চিত করছি যে তারা তাদের কমিউনিটির অংশ হিসেবে উন্নত জীবনযাপন করতে পারছে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ভেটেরান্স' সার্ভিসেসের (New York State Department of Veterans' Services) কমিশনার Viviana M. DeCohen (ভিভিয়ানা এম. ডেকোহেন) বলেন, "গভর্নর Hochul (হোকল)-এর সকলকে যারা সেবা করেছেন তাদের প্রতি ধারাবাহিক প্রতিশ্রুতি নিউ ইয়র্ক স্টেটের মানুষদের জীবন পরিবর্তন করছে। তাঁর নেতৃত্ব ও দূরদর্শিতার মাধ্যমে, এবং হোমলেস হাউজিং অ্যান্ড অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামের কমিশনার Guinn (গুইন)-এর অসাধারণ তত্ত্বাবধানে, এই জরুরী বিনিয়োগগুলো শুধু আবাসনই সৃষ্টি করছে না বরং এগুলো সেবা প্রদান করা হয়েছে এমন সকল ব্যক্তি এবং তাঁদের পরিবারের মর্যাদা, স্থিতিশীলতা ও আশাকে নতুন করে জাগিয়ে তুলেছে। বিশেষ করে ঈগল স্টার হাউজিং উদ্যোগটি এমন একটি উদ্যোগ যা আমরা যা সত্য বলে জানি তা প্রতিফলিত করে: যখন নিউ ইয়র্কবাসীরা সহানুভূতি এবং উদ্দেশ্য নিয়ে একত্রিত হয়, তখন আমরা নিশ্চিত করি যে যাদের সেবা প্রদান করা হয়েছে তারা কেউই নিরাপদ, নিরাপদ বাড়ি ছাড়া যেন না থাকে।"

নিউ ইয়র্ক স্টেট ডরমিটরি অথরিটি (Dormitory Authority of the State of New York, DASNY)-এর প্রেসিডেন্ট ও CEO Robert J. Rodriguez (রবার্ট জে. রদ্রিগেজ) বলেন, "DASNY নায়াগ্রা কাউন্টিতে গ্র্যানারি অ্যাপার্টমেন্ট প্রকল্পকে সমর্থন করতে পেরে গর্বিত, যা 80টি ইউনিট নিরাপদ, সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি করবে, যার মধ্যে 60 টি ইউনিট স্থায়ী সহায়ক আবাসন থাকবে প্রবীণ, বয়স্ক এবং গৃহহীনতার অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের জন্য। এ ধরনের প্রকল্পগুলো কমিউনিটিকে শক্তিশালী করে এবং আমাদের সবচেয়ে অসহায় প্রতিবেশীদের মর্যাদা ও স্থিতিশীলতার সঙ্গে তাদের জীবন পুনর্গঠন করতে সাহায্য করে। নিউ ইয়র্ক স্টেট জুড়ে গৃহহীনতার সমস্যার সমাধানে তার নেতৃত্বের জন্য আমরা গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "বৃদ্ধ ও তরুনদের জন্য নিরাপদ এবং সহায়ক ঘর তৈরি করা নিউ ইয়র্কের বিভিন্ন কমিউনিটিকে আরো বেশি শক্তিশালী এবং স্থিতিশীল করে তোলার জন্য অপরিহার্য। THRIVE Cornhill প্রকল্পটি উটিকার ভবিষ্যতের প্রতি একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগকে প্রতিফলিত করে—সাশ্রয়ী, সম্পূর্ণ বৈদ্যুতিক আবাসনের সুযোগ বৃদ্ধি করছে এবং এমন সাইট-অন-সার্ভিসসমূহ অন্তর্ভুক্ত করছে যা স্থিতিশীলতা, স্বাতন্ত্র্য এবং দীর্ঘমেয়াদী কল্যাণকে উন্নীত করে। এ ধরনের প্রকল্পগুলো দেখায় কীভাবে স্টেটের রিসোর্স ব্যবহার করে কমিউনিটির চাহিদা পূরণ করা যায়, পাশাপাশি আবাসন উন্নয়নে স্থায়িত্ব ও ন্যায্যতাকে এগিয়ে নেওয়া যায়।"

স্টেট সিনেটর Roxanne J. Persaud (রক্স্যান জে. পারসড) বলেন, "গভর্নর Hochul (হোকল)-এর সাশ্রয়ী আবাসনে অব্যাহত বিনিয়োগ দেখায় যে, অসহায় নিউ ইয়র্কবাসীদের নিরাপদ ও স্থিতিশীল আবাসনের সুবিধা পৌঁছেছে সেটা নিশ্চিত করতে তিনি প্রতিশ্রুতিবদ্ধ। প্রায় 1,000টি সহায়ক এবং জরুরী সহায়ক থাকার ব্যবস্থার জন্য 125 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি তহবিল নির্দেশনা প্রদানের মাধ্যমে আমরা গৃহহীনতার সম্মুখীন ব্যক্তিদের, বৃদ্ধদের এবং গৃহহীনতার শিকারদের তাদের জীবন পুনর্গঠন এবং নিউ ইয়র্কে সমৃদ্ধভাবে বাঁচার জন্য প্রয়োজনীয় সম্পদ প্রদান করছি। আমি গভর্নর Hochul (হোকল) এবং OTDA-কে প্রশংসা জানাই যে, তারা এমন এক অংশীদার নির্বাচন করেছেন যারা এই গুরুত্বপূর্ণ সময়ে এসব গুরুত্বপূর্ণ প্রকল্প এগিয়ে নিয়ে যাবে এবং এভাবে আমাদের কমিউনিটিকে আরো শক্তিশালী করবে।"

স্টেট সিনেটর Brian Kavanagh (ব্রায়ান কাভানাঘ) বলেন,"আজ নিউ ইয়র্কে নতুন স্থায়ী সহায়ক আবাসন নির্মাণের জন্য 125 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বরাদ্দ আমাদের এমন প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ অংশ, যা আবাসনের অসহজলভ্যতা, অপরিহার্য পরিষেবার অভাব এবং গৃহহীনতার জটিল সংকট মোকাবেলা করতে সাহায্য করছে। সহায়ক, পরিবর্তনশীল এবং জরুরি আবাসন সবকিছুই আমাদের সম্প্রদায়ের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, অভাবগ্রস্তদের জন্য একটি নিরাপদ এবং স্থিতিশীল পরিবেশ প্রদান করে এবং ব্যক্তি ও পরিবারগুলিকে তাদের জীবন পুনর্নির্মাণে সহায়তা করে এমন পরিষেবা এবং রিসোর্সগুলোতে অ্যাক্সেস নিশ্চিত করে। এই বিনিয়োগগুলি শক্তিশালী কমিউনিটির ভিত্তি হিসেবে সাশ্রয়ী মূল্যের, টেকসই আবাসনের প্রতি আমাদের যৌথ প্রতিশ্রুতি প্রতিফলিত করে। আমি গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল), সিনেট লিডার Andrea Stewart-Cousins (আন্দ্রিয়া স্টুয়ার্ট-কোসিন্স), স্পিকার Carl Heastie (কার্ল হীস্টি) এবং আইনসভায় আমাদের সহকর্মীদের ধন্যবাদ জানাই যে, তারা স্টেট বাজেটে তহবিল অন্তর্ভুক্ত করতে কাজ করেছেন এবং কমিশনার Barbara Guinn (বার্বারা গুইন) এবং OTDA-র সকলকে এই গুরুত্বপূর্ণ সম্পদ স্টেটের প্রতিটি কোণে পৌঁছানোর বিষয়টি নিশ্চিত করায় আমরা তাদেরকে ধন্যবাদ জানাই। আমি সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য আবাসনের সুযোগ সম্প্রসারণে আমাদের কাজ চালিয়ে যেতে আগ্রহী।"

স্টেট সিনেটর Samra Brouk (সামরা ব্রুক) বলেন,"আমাদের সবচেয়ে সুবিধা বঞ্চিত কমিউনিটির সদস্যরা—যাদের মধ্যে অভিজ্ঞ সৈনিক, পারিবারিক সহিংসতার শিকার এবং গুরুত্বর মানসিক রোগগ্রস্ত থাকা ব্যক্তিদের সুস্থ ও সমৃদ্ধ জীবন যাপনের জন্য আমাদের

সহায়তা প্রয়োজন। আমি গভর্নর Hochul (হোকল)এর প্রশংসা জানাই যে, তিনি নিউ ইয়র্ক স্টেট জুড়ে সহায়ক আবাসন ইউনিটের সংরক্ষণ এবং স্থিতিশীলতায় বিনিয়োগ করছেন, যাতে গৃহহীনতার সম্মুখীন হওয়া ব্যক্তি ও পরিবার নিরাপত্তা ও মর্যাদার সঙ্গে জীবন যাপন করতে পারে।"

অ্যাসেম্বলিমেম্বার Linda B. Rosenthal (লিন্ডা বি. রোসেনথাল) বলেন, "সহায়ক আবাসন অসহায় নিউ ইয়র্কবাসীদের জন্য একটি লাইফলাইন, যা তাদের নিরাপদ থাকার স্থান প্রদান করে এবং অত্যন্ত মূল্যবান পরিষেবার সঙ্গে সংযুক্ত করে। সহায়ক আবাসনে এই 125 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ শীঘ্রই স্টেট জুড়ে শত শত গৃহহীন এবং ঝুঁকিপূর্ণ ব্যক্তিদের জন্য স্বস্তি বয়ে আনবে, যার মধ্যে আপার ওয়েস্ট সাইডের বাসিন্দারাও ওয়েস্ট সাইড ফেডারেশন ফর সিনিয়র অ্যান্ড সাপোর্টিভ হাউজিংকে অনুদানের প্রক্রিয়ায় অর্ন্তভুক্ত রয়েছেন। আমি গভর্নর Hochul (হোকল)-কে আজকের ঘোষণার জন্য প্রশংসা জানাই এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদ ও সাশ্রয়ী আবাসন প্রদান করার আমাদের কাজ চালিয়ে যাওয়ার জন্য অপেক্ষা করছি।"

মোহক ভ্যালি রিজিওনাল ইকোনমিক ডেভলাপমেন্ট কাউন্সিলের (Mohawk Valley Regional Economic Development Council) সহকারী প্রধানের Larry Gilroy (লারি গিলরয়) এবং Dr. Marion Terenzio (ড. ম্যারিয়ন টেরেনজিও) বলেন, "আমরা গর্বিত যে স্থায়ী সহায়ক আবাসনে এই বিনিয়োগ ইউটিকাতে এসেছে। THRIVE Cornhill আমাদের সবচেয়ে অসহায় 19 জন প্রতিবেশীর জন্য নিরাপদ, স্থিতিশীল বাড়ি প্রদান করবে, পাশাপাশি একটি প্রাণবন্ত একাধিক উদ্দ্যেশে উন্নয়ন তৈরি করবে যা পুরো কর্নহিল কমিউনিটির জন্য লাভজনক হবে এবং আমাদের আঞ্চলিক অর্থনীতিকে শক্তিশালী করবে।"

DePaul-এর প্রেসিডেন্ট Mark Fuller (মার্ক ফুলার) বলেন, "গভর্নর Hochul (হোকল), অস্থায়ী ও প্রতিবন্ধী সহায়তা অফিসের গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচি, কমিউনিটি অংশীদার এবং তহবিলদাতাদের সহায়তা, হুইটফিল্ডে গ্র্যানারি অ্যাপার্টমেন্ট এবং স্কেনেকটেডি কমিউনিটি অ্যাকশন প্রোগ্রাম ক্যাম্পাস অ্যাপার্টমেন্ট নির্মাণ নিশ্চিত করার ক্ষেত্রে অবিচ্ছেদ্য ভূমিকা পালন করেছে। DePaul নায়াগ্রা এবং স্কেনেকটেডি কাউন্টিতে অসহায় জনগোষ্ঠীকে উন্নীত করার সুযোগের অপেক্ষায় রয়েছে, ব্যক্তিদের মর্যাদা এবং আশা নিয়ে জীবনযাপন করার জন্য প্রয়োজনীয় আবাসনের স্থিতিশীলতা এবং সহায়ক পরিষেবা প্রদান করে।"

Rescue Mission-এর চিফ এক্সিকিউটিভ অফিসার Dan Sieburg (ড্যান সাইবার্গ) বলেন, "আমরা কায়ুগা কাউন্টিতে বাড়তে চলা জরুরী আবাসনের চাহিদা পূরণে এই পরিবর্তনশীল 15 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের জন্য নিউ ইয়র্ক স্টেট অফিস অফ টেম্পরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্ট্যান্সের প্রতি কৃতজ্ঞ। Rescue Mission যারা গৃহহীন, তাদের আশ্রয়, স্থায়িত্ব এবং সহায়তা প্রদান করে, সেগুলোর মাধ্যমে ভালোবাসাকে বাস্তবে রূপ দেওয়ার প্রতিশ্রুতিবদ্ধ। অবর্নের এই নতুন 40-বেডের জরুরী আশ্রয় এবং আটটি স্থায়ী সহায়ক আবাসন ইউনিট, যা Housing Visions Unlimited সঙ্গে অংশীদারিত্বে তৈরি করা হয়েছে, আমাদের সক্ষমতা বাড়াবে যাতে সংকটে থাকা ব্যক্তিদের সেবা দেওয়া যায় এবং তাদের স্থায়ী স্বাধীনতার পথে পদক্ষেপ নিতে সাহায্য করা যায়।"

ফিঙ্গার লেকস এরিয়া কাউন্সেলিং এন্ড রিকোভারি এজেন্সির (Finger Lakes Area Counseling and Recovery Agency) ফিঙ্গার লেকস প্রেসিডেন্ট এবং চিফ এক্সিকিউটিভ অফিসার Jennifer Carlson (জেনিফার কার্লসন) বলেন, "আমরা FLACRA-এর ওয়াটারলু হাউজিং প্রকল্পের জন্য অর্থায়ন প্রদানের জন্য হোমলেস হাউজিং অ্যান্ড অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (HHAP)-এর প্রতি গভীর কৃতজ্ঞতা জানাই। এই অসাধারণ বিনিয়োগ সানেকা কাউন্টির কমিউনিটির পরিবার এবং ব্যক্তিদের জন্য পাঁচটি নতুন অ্যাপার্টমেন্ট ইউনিট প্রদান করবে—যা নিরাপদ, স্থায়ী এবং সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি করবে যা পুনরুদ্ধার এবং স্বনির্ভরতাকে সমর্থন করবে। এই প্রকল্পটি উদ্ভাবনী অংশীদারিত্বের শক্তি প্রতিফলিত করে, যেখানে একত্রিত হয়েছে FLACRA, ফিঙ্গার লেকস ল্যান্ড ব্যাংক, আমাদের ডেভেলপমেন্ট অংশীদাররা MM Development Advisors, Hamilton Stern Construction এবং IN/EX Architecture, স্থানীয় স্টেকহোল্ডার এবং কমিউনিটি অংশীদাররা। HHAP-এর সঙ্গে একত্রে আমরা সহায়ক এবং পুনরুদ্ধার-কেন্দ্রিক আবাসন তৈরি করছি যা ফিঙ্গার লেকস জুড়ে কমিউনিটির সেবা দেওয়ার এবং স্থায়ী আশা গড়ে তোলার আমাদের মিশনকে এগিয়ে নিয়ে যায়। আমরা এই সহযোগিতামূলক উদ্যোগের অংশ হতে পেরে গর্বিত, যা আমাদের গ্রামীণ কমিউনিটিগুলোকে শক্তিশালী করে এবং সবার জন্য নতুন সুযোগ তৈরি করে।"

Concern Housing এর এক্সিকিউটিভ ডিরেক্টর Ralph Fasano (রালফ ফাসানো) বলেন, "আমরা Concern Housing এর প্রতি আস্থা রাখার জন্য এবং আবাসন সংকট মোকাবিলায় তাদের অব্যাহত প্রতিশ্রুতির জন্য গভর্নর Hochul (হোকল), OTDA কমিশনার Barbara Guinn (বারবারা গুইন) এবং HHAP স্টাফদের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি। ব্রেন্টউডের জোসেফস ভিলেজের জন্য HHAP পুরস্কার আমাদেরকে সিস্টার অব সেন্ট যোসেফের 100 বছরেরও বেশি পুরোনো ঐতিহাসিক ভবনগুলো পুনরুদ্ধার এবং পুনঃব্যবহার করে 176টি সহায়ক ও সাশ্রয়ী মূল্যের আবাসন ইউনিটে রূপান্তর করার সুযোগ দেবে। এই সহযোগিতা সিস্টারের উত্তরাধিকারকে সম্মান জানায়, একই সঙ্গে সেই ব্যক্তিবর্গ এবং পরিবারদের জন্য একটি প্রাণবন্ত কমিউনিটি তৈরি করে যারা নিরাপদ এবং সম্মানজনক একটি বাড়ি খুঁজছেন।"

People First এক্সিকিউটিভ ডিরেক্টর Robert R. Calli (রবার্ট আর. ক্যালি) বলেন, "Thrive/Impact Cornhill পুনর্নির্মাণ প্রকল্প ইউটিকা শহরের একটি গুরুত্বপূর্ণ কমিউনিটির মধ্যে জীবনমান উন্নত করার একটি অনন্য সুযোগ প্রদর্শন করে। OTDA এবং HHAC দ্বারা অনুমোদিত এই গুরুত্বপূর্ণ আর্থিক পুরস্কারের মাধ্যমে আমাদের কমিউনিটির জীবনকে প্রভাবিত করা এবং মানসিকতা পরিবর্তনের ক্ষমতা এখন বাস্তবে রূপ নিচ্ছে।"

New Destiny চিফ এক্সিকিউটিভ অফিসার Nicole Branca (নিকল ব্রাঙ্কা) বলেন, "এই HHAP পুরস্কার New Destiny এবং আমাদের ডেভেলপমেন্ট পার্টনার দ্য আলবানিজ অর্গানাইজেশনকে (The Albanese Organization) ব্রুকলিনের সাইপ্রাস হিলের এলাকায় একটি জীবনরক্ষাকারী ভবন উন্নয়নের সুযোগ দেবে। পারিবারিক সহিংসতা আমাদের শহরের পরিবারিক গৃহহীনতার প্রধান কারণ, তবে এই ধরনের নির্মাণ প্রকল্প সেই বাস্তবতা পরিবর্তনে সাহায্য করবে। আটলান্টিক অ্যাভিনিউ ওয়েস্টে 97 টি নতুন বাড়ি থাকবে, যা বিশেষভাবে আশ্রয়কেন্দ্র থেকে আসা পারিবারিক সহিংসতা ভুক্তভোগী এবং তাদের সন্তানদের জন্য নির্ধারিত। আমরা গভর্নর Hochul (হোকল), OTDA, এবং হোমলেস হাউজিং অ্যান্ড অ্যাসিস্ট্যান্স

কর্পোরেশনের (Homeless Housing and Assistance Corporation, HHAC) সব সরকারি অংশীদারদের ধন্যবাদ জানাই, যারা নিউ ডেসটিনিকে সারভাইভারদের জন্য অত্যন্ত প্রয়োজনীয় স্থায়ী আবাসন নির্মাণ অব্যাহত রাখতে সক্ষম করেছেন।"

CAMBA/CAMBA Housing Ventures প্রেসিডেন্ট এবং CEO Valerie Barton-Richardson (ভ্যালারি বার্টন-রিচার্ডসন) বলেন, "CAMBA Housing Ventures (CHV) অত্যন্ত গর্বিত যে কিংসবরোর প্রবীণদের জন্য নিউ ইয়র্ক স্টেট অফিস অফ টেম্পরারি অ্যান্ড ডিস্যাবিলিটি অ্যাসিস্ট্যান্স থেকে প্রতিযোগিতামূলক HHAP ফাইন্যান্সিং পেয়েছে। HHAP-এর গুরুত্বপূর্ণ ফাইন্যান্সিং আমাদের উচ্চ-মানের, টেকসই, সহায়ক এবং সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়নের মান বজায় রাখতে সহায়তা করবে, যা CAMBA-এর সাইটে সংযুক্ত ইন্টিগ্রেটেড সার্ভিসের সঙ্গে মিলিত হয়ে সংবেদনশীল নিউ ইয়র্কবাসীদের স্থিতিশীলতা এবং মর্যাদার সঙ্গে জীবন যাপনে সহায়তা করবে। একটি NYCHA-অনুদানপ্রাপ্ত সাইট, কিংসবরোর প্রবীণদের আমাদের পরিত্যক্ত সরকারি জায়গাতে উন্নয়ন করার মডেলকে আরো এগিয়ে নিয়ে যাচ্ছে এবং এটি পূর্বে গৃহহীন ছিলেন এমন এবং নিম্ন-আয়ের সিনিয়রদের জন্য মোট 244 ইউনিট সরবরাহ করবে, সাথে কমিউনিটি ফ্যাসিলিটি স্পেস থাকবে যা সংযোগ, স্বায়ত্তশাসন এবং সুযোগ বৃদ্ধিতে সহায়তা করবে। কিংসবরোর প্রবীণদের মতো প্রভাবশালী উন্নয়নগুলো OTDA-এর মতো সফল অংশীদারদের সঙ্গে আরো শক্তিশালী হয়।"

WellLife Network এর চিফ এক্সিকিউটিভ অফিসার Sherry Tucker (শেরি টাকার) বলেন, "WellLife Network গর্বিত যে তারা এই গুরুত্বপূর্ণ ব্রুকলিন হাউজিং উদ্যোগে নিউ ইয়র্ক স্টেট OTDA-এর সঙ্গে অংশীদারিত্ব করছে। এই HHAP পুরস্কারের মাধ্যমে আমরা সাশ্রয়ী মূল্যের আবাসন এবং সহায়ক সেবাগুলো সম্প্রসারণ করব, যা গৃহহীনতা প্রতিরোধ করবে এবং বাসিন্দাদের নিরাপদ, স্থিতিশীল এবং তাদের কমিউনিটির সঙ্গে সংযুক্ত থাকতে সাহায্য করবে। একত্রে আমরা ব্রাউনসভিল কমিউনিটিকে শক্তিশালী করছি এবং নিশ্চিত করছি যে আরো বেশি নিউ ইয়র্কবাসীর এমন একটি জায়গা থাকবে যা তারা সত্যিই তাদের বাড়ি বলে বলতে পারে।"

ওয়েস্ট সাইড ফেডারেশন ফর সিনিয়র অ্যান্ড সাপোর্টিভ হাউজিং-এর (West Side Federation for Senior and Supportive Housing, WSFSSH) এক্সিকিউটিভ ডিরেক্টর Paul R. Freitag (পল আর. ফ্রাইটাগ) বলেন, "WSFSSH অত্যন্ত খুশি যে তাদের West 108th Street-এ WSFSSH পুনঃউন্নয়ন প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের জন্য HHAP পুরস্কার প্রদান করা হয়েছে। এই ভবনটিতে গুরুত্বপূর্ণ এনার্জি এফিশিয়েন্সি বৈশিষ্ট্য থাকবে যাতে পেসিভ-হাউজ সার্টিফিকেশন অর্জন করা যায় এবং WSFSSH সিনিয়র-কেন্দ্রিক সামাজিক সেবাগুলোর একটি বিস্তৃত পরিসর প্রদান করবে। HHAC-এর পুরস্কারের জন্য ধন্যবাদ, 83 জন অত্যন্ত নিম্ন-আয়ের প্রবীন নিউ ইয়র্কবাসীর জন্য — যাদের মধ্যে 40 জনের গৃহহীনতার ইতিহাস রয়েছে — একটি এমন কমিউনিটি থাকবে যেখানে তারা উন্নতি লাভ করতে পারে।"

গ্রেটার অপারচুনিটি ফর ব্রুম ও চেনাঙ্গোর (Greater Opportunities for Broome and Chenango) চিফ এক্সিকিউটিভ অফিসার Mark Silvanic (মার্ক সিলভানিক) বলেন, "গ্রেটার অপারচুনিটি ফর ব্রুম ও চেনাঙ্গোর প্রধানের পক্ষ থেকে আমরা HHAP-এর সম্প্রতি প্রদত্ত পুরস্কারের জন্য অত্যন্ত কৃতজ্ঞ, যা আমাদের নিউ ইয়র্কের ব্রিংহাম-এ দুইটি সম্পত্তির

পুনর্নির্মাণ এবং সম্প্রসারণের তহবিল দেবে। এই সহায়তা আমাদের দৃষ্টিভঙ্গিকে বাস্তবে রূপ দেওয়ার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ। HHAP-এর মতো তহবিলদাতাদের সমর্থন ছাড়া গৃহহীনতার বিরুদ্ধে লড়াই প্রায় অসম্ভব হতো। আমরা উচ্ছ্বসিত যে এই উন্নয়নগুলো আমাদের কমিউনিটি এবং আমরা যে ব্যক্তিদের সেবা দিচ্ছি তাদের জীবনে ইতিবাচক প্রভাব ফেলবে।"

Eagle Star Housing এক্সিকিউটিভ ডিরেক্টর Zach Fuller (জ্যাক ফুলার) বলেন, "আমরা গর্বিত যে আমাদের হোমলেস ভেটারানদের সেবা দেওয়ার মিশনকে সমর্থন করার জন্য নিউ ইয়র্ক স্টেট এবং HHAP থেকে এই পুরস্কারটি পেয়েছি। এই তহবিলের জন্য ধন্যবাদ এবং Eagle Star Housing চেকটোওয়েজ এ একটি নতুন ট্রানজিশনাল হাউজিং সুবিধা নির্মাণ করবে, যা 20 টি আবাসন সরবরাহ করবে এবং সহানুভূতিশীল, উচ্চ-মানের আবাসনের প্রবেশাধিকার সম্প্রসারণ করবে। আমরা এই গুরুত্বপূর্ণ উদ্যোগে HHAP-এর সঙ্গে অংশীদার হতে গর্বিত এবং আমাদের দেশের সেবায় যারা যুক্ত ছিলেন তাদের উন্নয়নে অবিচল প্রতিশ্রুতির জন্য HHAP এবং OTDA-এর সকলের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি। একসাথে, আমরা আমাদের ভেটেরানদের জন্য একটি শক্তিশালী এবং আরো সহায়ক কমিউনিটি গড়ে তুলছি।"

সিটিজেন’স অপরচুনিটি ফর ডেভেলপমেন্ট অ্যান্ড ইকুয়ালিটি-এর (Citizen’s Opportunity for Development and Equality) এক্সিকিউটিভ ডিরেক্টর Christopher Jock (ক্রিস্টোফার জক) বলেন, "CODE Inc. হোমলেস হাউজিং অ্যান্ড অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামের মাধ্যমে প্রদত্ত সমর্থনের জন্য গভীরভাবে কৃতজ্ঞ। HHAP পুরস্কারটি ব্লুমিং গার্ডেন্স প্রকল্পকে বাস্তবে রূপ দেওয়ার একটি গুরুত্বপূর্ণ অংশ, যা আমাদের প্রয়োজনীয় ব্যক্তিদের এবং পরিবারগুলোকে নিরাপদ, সাশ্রয়ী এবং সহায়ক আবাসন তৈরি করতে সক্ষম করে। এই বিনিয়োগ নিউ ইয়র্ক স্টেটের গৃহহীনতা মোকাবেলা এবং স্টেট ব্যাপী কমিউনিটিগুলোকে শক্তিশালী করার প্রতি অব্যাহত প্রতিশ্রুতিকে জোরদার করে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন